দৈনিক ইত্তেফাক

তারিখ 18 MAY 1987
পৃষ্ঠা ... 1 কলাম ... 1

৩রা জ্যৈষ্ঠ ১৩৯৪

031

# বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষাঋণ প্রকল্প চালুর সম্ভাবনা

গরীব ও মেধাবী শিক্ষার্থীদের জন্য সরকার বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষাঋণ প্রকল্প চালু করার কথা বিবেচনা করিতেছেন। গতকাল রবিবার সচিবালয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় কর্মসংস্থান সমিতির প্রতিনিধি দলের আলোচনা সভায় শিক্ষা উপমন্ত্রী গোলাম সরোয়ার একথা বলেন। তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও কর্মচারীদের বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে সরকার 'বিকল্পের' অনুকরণে বহুমুখী কর্মসংস্থান প্রকল্প চালু করার পরিকল্পনা নিতেছেন। শিক্ষাঋণ প্রকল্পে বিনিয়োগকৃত অর্থ ছাত্র-ছাত্রীরা তাদের চাকুরীকালীন সময়ে পরিশোধ করার পরিকল্পনার কথা উল্লেখ করিয়া উপমন্ত্রী বলেন, নিজস্ব উদ্যোগে প্রকল্প বাস্তবায়নের বাধ্যবাধকতার মধ্যদিয়া ছাত্র-ছাত্রীরা স্বাবলম্বী হইবে। বিশ্ববিদ্যালয় কর্মসংস্থান সমিতির পক্ষ হইতে বক্তব্য রাখেন আহ্বায়ক জনাব জাহাঙ্গীর হোসেন। খবর তথ্য বিবরণীর।